

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ৬. ২৮. বনি-ইসরাইলের মাবুদের ইচ্ছামত না চললেই মৃত্যুদণ্ড / ৮. ১. ৬. ২৯. ছোট-বড় বিভিন্ন পাপের শাস্তি মৃত্যুদণ্ড

৮. ১. ৬. ২৮. বনি-ইসরাইলের মাবুদের ইচ্ছামত না চললেই মৃত্যুদণ্ড

"ছোট-বড়, স্ত্রী-পুরুষ যে-ই হোক না কেন, যারা ইসরাইলের মাবুদ আল্লাহর ইচ্ছামত চলবে না তাদের হত্যা করা হবে।" (২ খান্দাননামা ১৫/১৩)

৮. ১. ৬. ২৯. ছোট-বড় বিভিন্ন পাপের শাস্তি মৃত্যুদণ্ড

লোভ, নীচতা, হিংসা, মারামারি, ছলনা, বদমেজাজ, অহংকার, পরিবারের প্রতি বিরক্তি ইত্যাদি সকল পাপের শাস্তিই মৃত্যুদণ্ড: "আল্লাহ মানুষকে তার দিলের কামনা-বাসনা অনুসারে জঘন্য কাজ করতে ছেড়ে দিয়েছেন। ফলে তারা একে অন্যের অসম্মান করেছে। আল্লাহর সত্যকে ফেলে তারা মিথ্যাকে গ্রহণ করেছে। সৃষ্টিকর্তাকে বাদ দিয়ে তারা তাঁর সৃষ্ট জিনিসের পূজা করেছে, কিন্তু সমস্ত প্রশংসা চিরকাল সেই সৃষ্টিকর্তারই...। মানুষ এই সব করেছে বলে আল্লাহ লজ্জাপূর্ণ কামনার হাতে তাদের ছেড়ে দিয়েছেন। স্ত্রীলোকেরা পর্যন্ত পুরুষদের সংগে তাদের স্বাভাবিক ব্যবহারের বদলে অন্য স্ত্রীলোকদের সংগে অস্বাভাবিক ভাবে খারাপ কাজ করেছে। পুরুষরোও ঠিক তেমনি করে স্ত্রীলোকদের সংগে তাদের স্বাভাবিক ব্যবহার ছেড়ে দিয়ে পুরুষদের সংগে কামনায় জ্বলে উঠেছে, পুরুষ পুরুষের সংগে লজ্জাপূর্ণ খারাপ কাজ করেছে। ... সব রকম অন্যায়, খারাপী, লোভ, নীচতা, হিংসা, খুন, মারামারি, ছলনা ও অন্যের ক্ষতি করবার ইচ্ছায় তারা পরিপূর্ণ। তারা অন্যের বিষয় নিয়ে আলোচনা করে। অন্যের নিন্দা করে এবং আল্লাহকে ঘৃণা করে। তারা বদমেজাজী, অহংকারী ও গর্বিত। অন্যায় কাজ করবার জন্য তারা নতুন নতুন উপায় বের করে। তারা মা-বাবার অবাধ্য, ভাল-মন্দের জ্ঞান তাদের নেই, আর তারা বেঈমান। পরিবারের প্রতি তাদের ভালবাসা নেই এবং তাদের দিলে দয়ামায়া নেই। আল্লাহর এই বিচারের কথা তারা ভাল করেই জানে যে, এই রকম কাজ যারা করে তারা মৃত্যুর শান্তির উপযুক্ত।" (রোমীয় ১/২৪-৩২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14433

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন